JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো টার্ম 3 প্রশাসনের চতুর্থ দফা নিয়োগের ঘোষণা দেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ তার প্রশাসনের নতুন নিয়োগের ঘোষণা দেন।

"আমাদের করা সর্বাধিক বিস্তৃত, সর্বাধিক সুদূরপ্রসারী স্টেট বাজেট পাশ হওয়ার পর, আমি নিবেদিত জনসেবকদের এই দলকে সাথে নিয়ে নিউ ইয়র্কবাসীদের জন্য বাস্তব ফলাফল প্রদানের যে রেকর্ড বর্তমান প্রশাসন সৃষ্টি করেছে তা অব্যাহত রাখার সুযোগ পেয়ে গর্ববোধ করছি", **গভর্নর কুওমো বলেন**। "ফেডারেল সরকার যেখানে নিউ ইয়র্কের মূল আদর্শকে চ্যালেঞ্জ করে চলেছে, সেখানে আমি নিউ ইয়র্কের সমৃদ্ধির ঊর্ধ্বগতি বজায় রাখতে এই মেধাবী ব্যক্তিবর্গের সাথে কাজ করতে উন্মুখ হয়ে আছি।"

ম্যারি থেরেস ডোমিঙ্গেজ পরিবহন বিভাগের (Department of Transportation, DOT) কমিশনার মনোনীত হবেন। মিজ ডোমিঙ্গেজ 20 বছরের অধিক সময় ধরে পরিবহন, পানি ও জ্বালানী অবকাঠামো, নিরাপত্তা এবং লজিস্টিক সেক্টরে কাজ করেছেন, ফেডারেল সরকারের অসংখ্য নেতৃস্থানীয় পদেও দায়িত্ব পালন করেছেন, অতি সম্প্রতি 2015 সালে প্রেসিডেন্ট ওবামা কর্তৃক মনোনীত এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সেনেট কর্তৃক সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণের পর মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগের পাইপলাইন ও বিপজ্জনক পদার্থ নিরাপত্তা প্রশাসন (Pipeline and Hazardous Materials Safety Administration, PHMSA) এর প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করেছেন। PHMSA তে মিজ ডোমিঙ্গেজ নিরাপত্তা নীতিসমূহের উন্নয়ন ও প্রয়োগের দায়িত্ব পালন করেন এবং দেশের আন্তঃস্টেট গ্যাস ও লিকুইড পাইপলাইন এবং সেই সাথে রেল, হাইওয়ে, সমুদ্রপথ ও আকাশপথে সকল বিপজ্জনক পদার্থ পরিবহনের নিরাপত্তা অপারেশনের তত্ত্বাবধান করেন। এছাড়াও তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগে (U.S. Department of Defense) বেসামরিক কাজের জন্য সেনাবাহিনীর প্রিন্সিপাল ডেপুটি অ্যাসিস্টেন্ট সেক্রেটারি হিসেবে কর্মরত থেকে ইউ.এস. আর্মি কর্পস অব ইঞ্জিনিয়ার্স (U.S. Army Corps of Engineers) এর জন্য নীতিমালা ও বাজেট দেখাশোনার দায়িত্ব পালন করেছেন; মার্কিন যুক্তরাষ্ট্রের ডাক বিভাগে ভাইস প্রেসিডেন্ট ফর গভর্নমেন্ট রিলেশনস এন্ড পাবলিক পলিসি হিসেবে কর্মরত ছিলেন যেখানে তিনি দেশের তৎকালীন দ্বিতীয় বৃহত্তম বেসামরিক নিয়োগকর্তার জন্য আইনি ও পাবলিক পলিসি সংক্রান্ত কাজে নেতৃত্ব দিয়েছেন; ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (Federal Aviation Administration, FAA) এ ডেপুটি চিফ অব স্টাফ এন্ড কাউন্সিল হিসেবে কর্মরত ছিলেন; জাতীয় পরিবহন নিরাপত্তা বোর্ড (National Transportation Safety Board) এ সভাপতির বিশেষ সহকারী হিসেবে এবং হোয়াইট হাইজে প্রেসিডেন্ট বিল ক্লিনটন এবং অ্যাসোসিয়েট ডিরেক্টর অব প্রেসিডেনশিয়াল পার্সোনেল এর বিশেষ সহকারী হিসেবে কর্মরত ছিলেন। বর্তমানে তিনি ইয়াং উইমেন'স ক্রিস্টিয়ান অ্যাসোসিয়েশন

(Young Women's Christian Association, YWCA) USA এর চিফ স্ট্র্যাটেজি এন্ড অপারেশনস অফিসার হিসেবে কর্মরত আছেন, যেখানে তিনি জাতীয় সংস্থার জন্য কৌশলগত ভিশন নির্ধারণ এবং উদ্ভাবন ও প্রবৃদ্ধি অর্জন করার দায়িত্ব পালন করছেন। ম্যারি থেরেস ভিলানোভা বিশ্ববিদ্যালয়ের (Villanova University) স্কুল অব ল থেকে জে.ডি. এবং স্মিথ কলেজ থেকে আমেরিকান স্টাডিজে বি.এ. ডিগ্রি অর্জন করেন।

ডেভিড ইয়াসকি ডিরেক্টর অব স্টেট পলিসি হিসেবে নিযুক্ত হয়েছেন। নিয়োগপ্রাপ্ত হওয়ার পূর্বে জনাব ইয়াসকি পেস বিশ্ববিদ্যালয়ের (Pace University) স্কুল অব ল এর ডিন এবং আইনের অধ্যাপক হিসেবে কর্মরত ছিলেন। 2010 সাল থেকে 2013 সাল পর্যন্ত, তিনি নিউ ইয়র্ক সিটি ট্যাক্সি এন্ড লিমোজিন কমিশনের (New York City Taxi and Limousine Commission) প্রধান ছিলেন এবং 2002 সাল থেকে 2009 সাল পর্যন্ত তিনি নিউ ইয়র্ক সিটি কাউন্সিলে একটি ব্রুকলিন ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করেন যেখানে তিনি ওয়াটারফ্রন্ট বিষয়ক কাউন্সিল কমিটির সভাপতি এবং ক্ষুদ্র ব্যবসা বিষয়ক কাউন্সিল কমিটির সভাপতি এবং সাশ্রয়ী আবাসন, ট্যাক্সিক্যাবের জন্য নিঃসরণ মানদণ্ড এবং ফিল্ম ও টেলিভিশন প্রোডাকশনের জন্য ট্যাক্স ইনসেন্টিভ এর জন্য জোনিং আবশ্যকীয়তা সৃষ্টির প্রস্তাবিত আইনের প্রণেতা ছিলেন। এর পূর্বে জনাব ইয়াসকি, মার্কিন যুক্তরাষ্ট্রের হাউজ অব রিপ্রেজেন্টেটিভ সাবকমিটি অন ক্রাইম এ তৎকালীন রিপ্রেজেন্টেটিভ চার্লস শমার এর অধীনে প্রধান চিফ কাউন্সিল হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ইয়েল ল স্কুল (Yale Law School) থেকে জে.ডি. এবং প্রিন্সটন বিশ্ববিদ্যালয় (Princeton University) থেকে পাবলিক পলিসিতে স্নাতক ডিগ্রি অর্জন করেন।

মাধুরী কোম্মারেড্ডি ডিরেক্টর অব ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট নিযুক্ত হয়েছেন। মিজ কোম্মারেড্ডি এর পূর্বে ব্ল্যাকরকে (BlackRock) ক্রেডিট ইনভেস্টর রিলেশনস এন্ড প্রোডাক্ট ম্যানেজমেন্ট এর ডিরেক্টর এবং প্রধান হিসেবে কর্মরত ছিলেন। এর পূর্বে তিনি ক্লিনটন ফাউন্ডেশনে (Clinton Foundation) জব ওয়ান (Job One) এর ডিরেক্টর এবং হিলারি রডহ্যাম ক্লিনটনের অফিসে প্রোগ্রাম ডেভেলপমেন্ট এর ডিরেক্টর হিসেবে কর্মরত ছিলেন। মিজ কোম্মারেড্ডি, তার ক্যারিয়ারের শুরুর দিকে হোয়াইট হাউজ ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল (White House National Security Council) এবং ন্যাশনাল ইকোনমিক কাউন্সিল (National Economic Council) এ ডিরেক্টর ফর ইন্টারন্যাশনাল ইকোনমিক অ্যাফেয়ার্স হিসেবে কর্মরত ছিলেন, যেখানে তিনি প্রথম G20 শ্রম ও কর্মসংস্থান মন্ত্রীদের সভা আয়োজনে হোয়াইট হাউজের কাজে নেতৃত্ব দিয়েছেন। এছাড়াও তিনি হোয়াইট হাউজে অ্যাসোসিয়েট স্টাফ সেক্রেটারি হিসেবে, 2008 সালের ওবামার প্রেসিডেন্সিয়াল ক্যাম্পেইন এবং ওবামা-বাইডেন ট্রানজিশন প্রজেক্ট (Obama-Biden Transition Project) এ পলিসি এইড হিসেবে, তৎকালীন সেনেটর ওবামার অফিসে পলিসি কোঅর্ডিনেটর হিসেবে এবং রাজনৈতিক ক্যাম্পেইনে বিভিন্ন ধরনের দায়িত্ব পালন করেছেন। তিনি ইয়েল ল স্কুলের একজন গ্রাজুয়েট, যেখানে তিনি ইয়েল ল জার্নাল এবং নর্থওয়েস্টার্ন বিশ্ববিদ্যালয়ে (Northwestern University) কর্মরত ছিলেন।

মলি মার্সি ডিরেক্টর অব লেজিসলেটিভ অ্যাফেয়ার্স ফর এজেন্সি অপারেশন্স হিসেবে নিযুক্ত হয়েছেন। মিজ মার্সি এক্সিকিউটিভ চেম্বারে তার নতুন ভূমিকায় নিজের সাথে বহু বছরের সরকারী অভিজ্ঞতা সাথে এনেছেন। বেশ সম্প্রতি, মিজ মার্সি নিউ ইয়র্ক স্টেট সেনেটের ডেপুটি ডেমোক্রেটিক লিডারের

সিনিয়র অ্যাডভাইজার হিসেবে দায়িত্ব পালন করেছেন যেখানে তিনি আইনগত অগ্রাধিকার উন্নয়নে কাজ করেন এবং কর্মপরিচালনা, আইনি ও রাজনৈতিক ইস্যুতে কৌশলগত পরামর্শ প্রদান করেন। তার পূর্বে তিনি মিররাম গ্রুপ (MirRam Group) এবং হ্যামিল্টন ক্যাম্পেইন নেটওয়ার্ক (Hamilton Campaign Network) এ একজন অ্যাসিস্টেন্ট ভাইস প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY) আলবানি থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেন।

নোয়েল ও হ্যাগার্থি ডেপুটি সেক্রেটারি অব ফাইনেন্সিয়াল সার্ভিস হিসেবে নিযুক্ত হয়েছেন। জনাব ও'হ্যাগার্থি পূর্বে কারা ইকুইটি পার্টনারস (Cara Equity Partners) এর কো-ফাউন্ডার এবং ম্যানেজিং ডিরেক্টর হিসেবে কর্মরত ছিলেন যেখানে তিনি লিটিগেশন ফাইন্যান্স সেক্টরে বিনিয়োগের প্রতি গুরুত্ব প্রদানকারী ফার্মের সকল স্ট্র্যাটেজিক ও অপারেশনাল কার্যাবলি দেখাশোনা করেন। তিনি পূর্বে গভর্নর কুওমোর প্রশাসনে গভর্নরের ভারপ্রাপ্ত ফার্স্ট অ্যাসিস্টেন্ট কাউন্সিল হিসেবে কর্মরত ছিলেন এবং এক দশকের বেশি সময় ধরে একজন বেসরকারী আইনজীবী হিসেবে ফেডারেল ফাইন্যান্সিয়াল এন্ড ইনস্যুরেন্স রেগুলেটরি বিষয়াদি, পাশাপাশি লিটিগেশন সংক্রান্ত বিষয়ে কাজ করেছেন। জনাব ও'হ্যাগার্থি টরন্টো বিশ্ববিদ্যালয় (University of Toronto) থেকে পলিটিক্যাল সায়েন্সে স্নাতক ডিগ্রি এবং ইয়র্ক বিশ্ববিদ্যালয়ের (York University) অসগোওড হল ল স্কুল (Osgoode Hall Law School) থেকে আইন বিষয়ে স্নাতক ডিগ্রি অর্জন করেন।

এরিক গ্যালার্ন্যু ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগের (Division of Criminal Justice Services) জেনারেল কাউন্সিল হিসেবে নিযুক্ত হবেন। জনাব গ্যালার্ন্যু প্রায় দুই দশক ধরে আলবানি কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসে কর্মরত ছিলেন। বর্তমানে তিনি আলবানি কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসে ফাইনেন্সিয়াল ক্রাইমস এন্ড স্পেশাল ইনভেস্টিগেশন ইউনিট (Financial Crimes and Special Investigations Unit) এর ব্যুরো প্রধান হিসেবে কর্মরত রয়েছেন। তিনি ম্যাকগিল বিশ্ববিদ্যালয় (McGill University) থেকে স্নাতক এবং আলবানি ল স্কুল থেকে জুরিস ডক্টর ডিগ্রি অর্জন করেন।

জোয়ান হার্নান্দেজ পরিবহন খাতের সিনিয়র পলিসি অ্যাডভাইজার হিসেবে নিযুক্ত হবেন। মিজ হার্নান্দেজ বর্তমানে পোর্ট অথরিটি অব নিউ ইয়র্ক এন্ড নিউ জার্সি (Port Authority of New York and New Jersey) এর একজন সিনিয়র নিরাপত্তা প্রকৌশলী হিসেবে কর্মরত রয়েছেন। এই দায়িত্ব পালনের আগে তিনি পোর্ট অথরিটি অব নিউ ইয়র্ক এন্ড নিউ জার্সি এর একজন নিউ ইয়র্ক স্টেট এক্সেলশিয়র ফেলো হিসেবে কর্মরত ছিলেন। মিজ হার্নান্দেজ নিউ ইয়র্ক বিশ্ববিদ্যালয় (New York University) থেকে বি.এ. এবং বারুখ কলেজের (Baruch College) মার্ক্স স্কুল অব পাবলিক এন্ড ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স (Marxe School of Public and International Affairs) থেকে এম.পি.এ. ডিগ্রি অর্জন করেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন